গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ছাগলনাইয়া, ফেনী
www.chhagalnaiya.feni.gov.bd

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ছাগলনাইয়া উপজেলাধীন ৫টি ইউনিয়নভিত্তিক নিম্নলিখিত সায়রাত হাট/বাজারগুলো ১৪৩১ বাংলা সনের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে টোল আদায়ের নিমিত্ত ইজারা দেওয়ার জন্য সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র জেলা প্রশাসক, ফেনী/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাগলনাইয়া, ফেনী/ সহকারী কমিশনার (ভূমি), ছাগলনাইয়া, ফেনী এর কার্যালয় থেকে ক্রয় করা যাবে। উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী বরাবরে দরপত্রের সাথে সংযুক্ত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

| পর্যায় | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ০৪-০২-২০২৪ খ্রি. হতে ১৮-০২-২০২৪ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৯-০২-২০২৪ খ্রি. দুপুর ১২.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত | ১৯-০২-২০২৪ খ্রি. ৩.০০ টা |
| ২য় | ২২-০২-২০২৪ খ্রি. হতে ২৯-০২-২০২৪ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৩-০৩-২০২৪ খ্রি. দুপুর ১২.০০ টা হতে ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৩-০৩-২০২৪ খ্রি. ৩.০০ টা |
| ৩য় | ০৫-০৩-২০২৪ খ্রি. হতে ১১-০৩-২০২৪ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১২-০৩-২০২৪ খ্রি. দুপুর ১২.০০ টা হতে ১.০০ ঘটিকা পর্যন্ত | ১২-০৩-২০২৪ খ্রি. ৩.০০ টা |

| ইউনিয়নের নাম | হাট বাজারের নাম | দরপত্রের মূল্য (অফেরতযোগ্য) | সরকারি ইজারা মূল্য (০৩ বছরের গড় ইজারা মূল্যের ৬% বৃদ্ধিসহ) |
|---|---|---|---|
| শুভপুর ইউনিয়ন পরিষদ | ০১। শুভপুর তোহা বাজার | ৫০০/- | ২,৭০০/- |
| | ০২। দারোগার হাট তোহা বাজার | ৫০০/- | ৭,০০০/- |
| | ০৩। করৈয়া তোহা বাজার ও গো-হাটা বাজার | ৫০০/- | ১০,০০০/- |
| | ০৪। মহারাজগঞ্জ তোহা বাজার | ৫০০/- | ২,২০০/- |
| | ০৫। দারোগার হাট রাস্তার মাথা তোহা বাজার | ৫০০/- | ১৩,৭০০/- |
| পাঠাননগর ইউনিয়ন পরিষদ | ০১। বাংলা বাজার তোহা বাজার | ৫০০/- | ১৩,১০০/- |
| | ০২। পাঠাননগর রাস্তার মোড় তোহা বাজার | ৫০০/- | ৩৩,৬০০/- |
| | ০৩। দাইয়াবিবি তোহা বাজার | ৫০০/- | ২৫,৫০০/- |
| | ০৪। পাঠাননগর কাছারী বাজার তোহা বাজার | ৫০০/- | ৯,৩০০/- |
| | ০৫। শিলুয়া চৌধুরী বাজার তোহা বাজার | ৫০০/- | ২২০০/- |
| | ০৬। কন্ট্রাক্টর মসজিদ তোহা বাজার | ৫০০/- | ২২০০/- |
| | ০৭। বাংলা বাজার গো-হাটা বাজার | ৫০০/- | ৩২,৩৫০/- |
| রাধানগর ইউনিয়ন পরিষদ | ০১। পানুয়াঘাট রহমানিয়া তোহা বাজার | ৫০০/- | ১৮০০/- |
| | ০২। জংগল মিয়া তোহা বাজার | ৫০০/- | ৩,২৫০/- |
| | ০৩। নতুন করৈয়া তোহা বাজার | ৫০০/- | ২২০০/- |
| | ০৪। জংগল মিয়া রাস্তার মাথা তোহা বাজার | ৫০০/- | ২২০০/- |
| | ০৫। উত্তর কহুমা শান্তির হাট তোহা বাজার | ৫০০/- | ২২০০/- |
| ঘোপাল ইউনিয়ন পরিষদ | ০১। পুরাতন মুহুরীগঞ্জ চেয়ারম্যান তোহা বাজার | ৫০০/- | ৫,৪১০/- |
| | ০২। নতুন মুহুরীগঞ্জ চৌধুরী তোহা বাজার | ৫০০/- | ৫,৪১০/- |
| | ০৩। নিজকুঞ্জরা সমিতি বাজার তোহা বাজার | ৫০০/- | ২২০০/- |
| মহামায়া ইউনিয়ন পরিষদ | ০১। চাঁদগাজী তোহা বাজার | ১,০০০/- | ১,২০,৭০০/- |
| | ০২। চাঁদগাজী গো-হাট বাজার | ১,৮০০/- | ৫,১০,৩০০/- |
| | ০৩। মনুরহাট তোহা বাজার | ৫০০/- | ৫৮,২০০/- |
| | ০৪। বক্তার হাট তোহা বাজার | ৫০০/- | ৬,২০০/- |

৭/২/২৪

সাইফুল ইসলাম কমল
উপজেলা নির্বাহী অফিসার
ছাগলনাইয়া, ফেনী
ফোনঃ ০৩৩২-২৭৮০০১
e-mail-unochagalnaiya@mopa.gov.bd

শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনীর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর ১০% আয়কর এবং অতিরিক্ত ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফায় আহবানকৃত হাট বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙিয়ে প্রচার করবেন।

০৮। প্রত্যেক বাজারের পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘণ করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭/২/২৪

**সাইফুল ইসলাম কমল**
উপজেলা নির্বাহী অফিসার
ছাগলনাইয়া, ফেনী
ফোনঃ ০৩৩২-২৭৮০০১
**e-mail-**unochagalnaiya@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.৩০১৪.০০০.০২.০০৫.২৪- ৬০/২(১৪)

তারিখ: ০১/০২/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, ফেনী

০২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফেনী

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফেনী

০৪। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, ছাগলনাইয়া, ফেনী

০৫। সহকারী কমিশনার (ভূমি), ছাগলনাইয়া, ফেনী

০৬। অফিসার ইনচার্জ , ছাগলনাইয়া থানা, ছাগলনাইয়া, ফেনী

০৭। চেয়ারম্যান............................................ ইউ.পি. (সকল), ছাগলনাইয়া, ফেনী (উপরোক্ত বাজার ইজারা বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার সংশ্লিষ্ট বাজারসমূহে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৮। ম্যানেজার , সোনালী ব্যাংক, ছাগলনাইয়া শাখা

০৯। উপজেলা ..............................................................কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...............................ইউনিয়ন ভূমি অফিস, ছাগলনাইয়া, ফেনী (উপরোক্ত বাজার ইজারা বিজ্ঞপ্তিটি তাঁর সংশ্লিষ্ট বাজারসমূহে বহুল প্রচারের জন্য বলা হলো)

১১। সম্পাদক, ..............................................................(বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় এক দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১২। জনাব ..........................................................................................ইজারাদার, ছাগলনাইয়া, ফেনী

১৩। নোটিশ বোর্ড, এই অফিস/ইউ.পি. অফিস/সংশ্লিষ্ট বাজারসমূহ

১৪। অফিস কপি

১/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ছাগলনাইয়া, ফেনী